দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JAN 1997
পৃষ্ঠা ২০ কলাম ৫

13

## শিক্ষানীতি সংক্রান্ত জনমত জরিপের কর্মসূচী

জাতীয় শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে জনমত যাচাইয়ের অংশ হিসাবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের পক্ষ হইতে সংসদ সদস্যদের নিকট প্রশ্নমালা পৌছানো হইয়াছে। এই জরিপের মাধ্যমে দেশের শিক্ষক, সাংবাদিক, আইনজীবী, ব্যবসায়ী, অভিভাবক, স্কুল পরিচালনা পরিষদের সদস্য ও জাতীয় নেতৃবৃন্দসহ পেশাজীবীদের মতামত প্রতিফলিত হইবে বলিয়া ফেডারেশন আশা প্রকাশ করিয়াছে। শিক্ষানীতি সংক্রান্ত এই জরিপ প্রশ্নমালার জবাব আগামী ৩০শে জানুয়ারীর মধ্যে ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমদের বরাবর ৬২ নাজিমুদ্দিন রোডের ঠিকানায় প্রেরণের অনুরোধ জানান হইয়াছে।